



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/4/2024

গভর্নর ক্যাথি হোকল

## গভর্নর হোকল সিনেট কর্তৃক নিউ ইয়র্ক স্টেট পুলিশের সুপারিন্টেনডেন্ট হিসেবে স্টিভেন জি জেমসকে নিশ্চিতকরণ ঘোষণা করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) সুপারিন্টেনডেন্ট হিসেবে সিনেট স্টিভেন জি জেমসকে নিশ্চিত করেছে।

"জননিরাপত্তা আমার শীর্ষ অগ্রাধিকার এবং সুপারিন্টেনডেন্ট জেমস এইসব প্রয়াসে একজন অতি গুরুত্বপূর্ণ অংশীদার হয়ে আছেন," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্ক স্টেট পুলিশ অপরাধের বিরুদ্ধে লড়াই এবং মানুষকে নিরাপদ রাখতে অসাধারণ কাজ করে, এবং আমি নিঃসংশয় যে সুপারিন্টেনডেন্ট জেমস এইসব প্রয়াস অব্যাহত রাখবেন ও সম্প্রসারিত করবেন।"

**নিউ ইয়র্ক স্টেট পুলিশের ভারপ্রাপ্ত সুপারিন্টেনডেন্ট স্টিভেন জি জেমস বলেন,** "18তম নিউ ইয়র্ক স্টেট পুলিশের সুপারিন্টেনডেন্ট হিসেবে দায়িত্ব পালন করার সুযোগের জন্য আমি গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেট সিনেটের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ। আমাদের মহান স্টেটের মানুষদের আরো উত্তম সেবাদান করার জন্য আমাদের এজেন্সির মধ্যে আস্থা, সহযোগিতা, পেশাদারিত্ব এবং দায়বদ্ধতা ধারণ করার জন্য আমি প্রতিশ্রুতিবদ্ধ আছি।"

সুপারিন্টেনডেন্ট জেমস 32 বছরের বেশি সময় ধরে নিউ ইয়র্ক স্টেট পুলিশে দায়িত্ব পালন করছেন, এর মধ্যে দুই দশকের বেশি সময় ধরে তিনি নেতৃত্বের পদে রয়েছেন। অতি সম্প্রতি, তিনি কর্মী সম্পর্ক (Employee Relations) ক্ষেত্রে ডেপুটি সুপারিন্টেনডেন্ট হিসাবে কাজ করেন এবং এছাড়াও সহায়ক ডেপুটি সুপারিন্টেনডেন্ট, স্টাফ ইন্সপেক্টর, মেজর, ক্যাপ্টেন, লেফটেন্যান্ট, সিনিয়র তদন্তকারী, সার্জেন্ট, তদন্তকারী এবং ট্রুপার হিসাবে কাজ করেছেন। তাঁর কাছে SUNY আলবানি থেকে সাইকোলজিতে একটি B.S. এবং মারিস্ট কলেজ থেকে পাবলিক অ্যাডমিনিস্ট্রেশনে মাস্টার্স ডিগ্রি আছে।

গভর্নর হোকল জানুয়ারি মাসে সুপারিন্টেনডেন্ট জেমসের [মনোনয়ন](#) ঘোষণা করেন।

**ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস বিভাগের (Division of Criminal Justice Services, DCJS) কমিশনার রোসানা রোসাদো বলেন,** "DCJS হলো নিউ ইয়র্ক স্টেট পুলিশ এবং আমাদের স্থানীয় পুলিশ এজেন্সিসমূহের একটি একনিষ্ঠ অংশীদার। স্টেট কর্তৃক সুপারিন্টেনডেন্ট জেমসের নিশ্চিতকরণের আমরা প্রশংসা করছি এবং পুরো নিউ ইয়র্কের মানুষকে সুরক্ষিত রাখতে সাহায্য করার ক্ষেত্রে আমরা তার সাথে কাজ করতে উন্মুখ। গভর্নর হোকলের মনোনয়ন

হলো জননিরাপত্তা ও আমাদের এজেন্সিসমূহের সমর্থনে তার নজিরবিহীন নেতৃত্বের আরো একটি উদাহরণ।"

**নিউ ইয়র্ক স্টেট সংশোধন ও কমিউনিটি সুপারভিশন বিভাগের (Department of Corrections and Community Supervision, DOCCS) ভারপ্রাপ্ত কমিশনার ড্যানিয়েল এফ মার্টুসেলো দ্য থার্ড বলেন,** "সুপারিন্টেনডেন্ট জেমসের নিশ্চিতকরণের জন্য আমরা তাকে অভিনন্দন জানাচ্ছি। গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের মানুষের নিরাপত্তার উপর মনোযোগ অব্যাহত রেখেছেন এবং আমরা যেই প্রতিনিয়ত পরিবর্তনশীল সময়ে বসবাস করছি তখন স্টেট পুলিশকে নেতৃত্বদানের জন্য তার সুপারিন্টেনডেন্ট জেমসকে নিয়োগ প্রয়োজনীয় জ্ঞান ও অভিজ্ঞতা নিয়ে আসবে। নিউ ইয়র্কবাসীদের সেবাদান ও সুরক্ষিত রাখতে তার এবং স্টেট পুলিশের সাথে অংশীদারিত্ব অব্যাহত রাখার জন্য DOCCS উন্মুখ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)